আসন্ন ইউপি নির্বাচন কে সামনে রেখে মেম্বার প্রার্থীর শোভা যাত্রা

মেহেরপুর সদর উপজেলারে কুতুবপুর ইউনিয়নের আসন্ন ২০২১ নির্বাচনে ৪ নং ওয়ার্ডের কুতুবপুর গ্রামের যুবলীগ নেতা মেম্বার পদপ্রার্থী আরিফউজ্জামান আরিফ মটর সাইকেল শোভাযাত্রা করেছেন।

গত শুক্রবার বিকেল ৪ টার সময় এই শোভা যাত্রার আয়োজন করেন।

মটর সাইকেল শোভাত্রায় ৩০০ মটর সাইকেলের উপস্থিতে ৪ নং ওয়ার্ড কুতুবপুর গ্রামের চতুর্দিক শোডাউন করেন।

শোডাউনের সাথে সাথে মেম্বার পদপ্রার্থী ও যুবলীগ নেতা আরিফুজ্জামান আরিফ ৪ নং ওয়ার্ডের বিভিন্ন আওয়ামী লীগের প্রবীণ নেতা বর্গদের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন।এবং আগামী নির্বাচনের জন্য সকলের কাছে দোয়া চেয়ে আসেন।

মেম্বার পদপ্রার্থী আরিফুজ্জামান আরিফ জানান, আমাকে মেম্ববার নির্বাচিত করলে কুতুবপুর ইউনিয়নের ৪ নং ওয়ার্ড কে একটি মডেল ওয়ার্ডে রুপান্তর করবো।

এবং সকল উন্নয়ন যেমন শিক্ষাখাত, কৃষিখাৎ, রাস্তা ঘাট, বিধবা ভাতা, বয়স্ক ভাতা প্রাপ্তদের প্রাপ্তি বুঝিয়ে দিতে চাই।

কুতুবপুর গ্রামের মানুষের ভলোবাসা আমাকে আরো সামনের দিকে এগিয়ে নিয়ে যাবে। এবং জনগন আমাকে ভালোবেসে তাদের মুল্যেবান ভোট আমাকে দিয়ে বিপুল ভোটে মেম্বার নির্বাচিত করবেন বলে আমি আশাবাদি।

ধর্ষণের প্রতিবাদে গাংনীতে সুজনের মানব বন্ধন

ক্রমবর্ধমান নারী নির্যাতনের প্রতিবাদে মেহেরপুরের গাংনীতে মানব বন্ধন করেছে সুজন। শনিবার বেলা ১১টায় গাংনী প্রেসক্লাবের সামনে সুজন সভাপতি আব্দ্রু রশিদের নেতৃত্বে মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানব বন্ধনে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করা হয়।

এসময় বক্তব্য রাখেন, জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি ও জাতীয় কণ্যাশিশু অ্যাডভোকেসী ফোরাম মেহেরপুর জেলা শাখার সভাপতি সিরাজুল ইসলাম, জেলা আওয়ামীলীগের মহিলা বিষয়ক সম্পাদক নুরজাহান বেগম, নারীনেত্রী পারভিনা খাতুনসহ স্থানীয় নেতৃবৃন্দ। প্রতিনিয়িত দেশে ধর্ষণ ও খুনের ঘটনা ঘটছে। এসব ঘটনায় দোষিদেরকে সর্বোচ্চ শাস্তি মৃত্যুদন্ড কার্যকর করার দাবীও জানান বক্তারা।

গাংনীতে ছাত্রলীগের বিক্ষোভ সমাবেশ

ধর্ষণ-নিপিড়ন মামলার সকল আসামি ও তাদের পৃষ্ঠপোষকদের বিচার ও ধর্ষকের সর্বোচ্চ সাজা ‘মৃত্যুদণ্ড’ নিশ্চিত করার দাবিতে মেহেরপুরের গাংনী
উপজেলা শহরে বিক্ষোভ সমাবেশ করেছে ছাত্রলীগ।

শনিবার দুপুরে গাংনী পৌর ছাত্রলীগ আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক।

অনুষ্ঠানে পৌর ছাত্রলীগ সভাপতি ইমরান হাবীবের সভাপতিত্বে ও উপজেলা ছাত্রলীগ সাবেক সভাপতি তৌহিদুল ইসলামের সঞ্চালনায় বিশেষ অতিথি
হিসেবে বক্তব্য রাখেন সাবেক পৌর মেয়র আহম্মেদ আলী, পৌর আওয়ামী

লীগ সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু ও উপজেলা যুবলীগ সভাপতি মোশাররফ হোসেনসহ ছাত্রলীগ নেতৃবৃন্দ। বাস স্ট্যান্ডে সমাবেশের আগে ছাত্রলীগের একটি বিক্ষোভ মিছিল শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে।

মুজিবনগরে রামনগর ফুটবল টুর্নামেণ্ট রামনগর একাদশ জয়ী

মেহেরপুরের মুজিবনগর উপজেলার রামনগর জনকল্যান যুব সমিতির উদ্যোগে রামনগর ফুটবল খেলার মাঠে অনুষ্ঠিত রামনগর ফুটবল টুর্নামেন্টে ৭ম খেলায় রামনগর একাদশ জয়লাভ করেছে।

গতকাল শুক্রবার বিকেলে অনুষ্ঠিত খেলায় রামনগর একাদশ ৬-০ গোলে বামন্দী নওদাপাড়া একাদশকে পরাজিত করে। বিজয়ী দলের পক্ষে দুই জন হ্যেট্রিক করার গৌরব অর্জন করেন দলীয় ১০ নং জার্সি পরিহিত বেল্টু ৩ গোল এবং ৮ নং জার্সি পরিহিত শাকিল ৩ গোল করেন। বিজয়ী দলের শাকিল ম্যান অফ দা ম্যাচ নির্বাচিত হন।

খেলায় মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে খেলাটি উদ্ভোধন করেন।

এ সময় খেলা পরিচালনা কমিটির সভাপতি মোনাজাত মোল্লা, সহ সভাপতি আজিবার রহমান, সাধারণ সম্পাদক কৌশিকুল ইসলাম রুমি যুগ্ন সম্পাদক রবিউল ইসলাম, ক্রীড়া সম্পাদক হেলাল উদ্দীন, অর্থ সম্পাদক দেলোয়ার হোসেন, সহ কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন খেলাটি পরিচালনা করেন বাফুফের তৃতীয় শ্রেণীর রেফারি সোহেল রানা, সহকারি হিসাবে ছিলেন রাসেল এবং জাহাঙ্গীর। ধারা ভাষ্যকার হিসাবে ছিলেন শামিম শিশির।

আগামী রবিবার ১ ম রাউন্ডের শেষ খেলায় চন্দ্রবাস একাদশ মুখোমুখি হবে চাঁদপুর একাদশের।

মেহেরপুরে ধর্ষণের বিরুদ্ধে ইসলামী আন্দোলনের বিক্ষোভ মিছিল

ইসলামী আন্দোলন বাংলাদেশ মেহেরপুর জেলা শাখার উদ্যোগে সুস্থ সমাজের কীট ধর্ষকদের বিরুদ্ধে গর্জে ওঠো বাংলাদেশ নোয়াখালীর বেগমগঞ্জের গৃহবধূকে পাশবিক নির্যাতন কারীদের অবিলম্বে গ্রেপ্তার ও সকল ধর্ষণের ঘটনায় জড়িতদের ফাঁসির দাবিতে মেহেরপুরে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার বিকেলে ইসলামী আন্দোলন মেহেরপুর জেলা শাখার সভাপতি খাদেমুল ইসলাম এর সভাপতিত্বে এই বিক্ষোভ মিছিল টি পালিত হয়।

বিক্ষোভ মিছিলটি কোট মোড় থেকে শুরু করে মেহেরপুর পৌরসভার সামনে এসে সংক্ষিপ্ত বিক্ষোভ মিছিল ও সমাবেশ শেষ হয়।
এসময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন ইসলামী আন্দোলন বাংলাদেশ মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক মুফতি আবু বক্কর সিদ্দিক, সহ সহ সভাপতি আপছের আলী, ইসলামী আন্দোলন বাংলাদেশ মুজিবনগর উপজেলা সভাপতি মুফতি তরিকুল ইসলাম, গাংনী উপজেলা সভাপতি ফয়সাল আহাম্মেদ প্রমুখ।

গাংনীতে মুক্তিযোদ্ধার জমি দখল করার অভিযোগ

মেহেরপুরের গাংনীতে বীর মুক্তিযোদ্ধা আবু তালেবের জমি জোর পূর্বক দখলের অভিযোগ উঠেছে হিন্দা গ্রামের রবিউল ইসলামের বিরুদ্ধে। এ ঘটনায় থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে।

মুক্তিযোদ্ধা আবু তালেব জানান,তার স্ত্রী রশিদা খাতুনের নামে ২০ শতক জমি ছিলো। স্ত্রী মারা যাওয়ার পর ৩ ছেলে ও আমি সমান ভাবে ৫ শতক করে ভাগ করে নেয়া হয়। কিছুদিন আগে বড় ছেলে মাসুদ রানা তার ভাগের ৫ শতক জমি একই গ্রামের আফজাল হোসেনের ছেলে রবিউল ইসলামের কাছে জমি বিক্রি করে দেয়। গত কয়েকদিন পূর্বে রবিউল তার ইচ্ছামত জমি সিমানা প্রাচীর তৈরি শুরু করে।

এ ঘটনায় গাংনী থানায় লিখিত অভিযোগ দায়ের করলে ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি মো: ওবাইদুর রহমান উভয় পক্ষকে শান্ত থেকে বসে উভয় পক্ষকে সমাধান করার তাগিদ দেয়। কিন্তু শুক্রবার সকালে জোর পূর্বক তাদের ইচ্ছামত জমিতে সিমানা প্রাচীর দিচ্ছে। বাধা দিতে গেলে হুমকি ধামকি দিচ্ছে। রবিউল ইসলাম প্রভাবশালী হওয়ার কারনে যে কোন হামলা হতে পারে একারনে বর্তমানে আমরা পরিবারের সদস্যদের নিয়ে আতংকের মধ্যে রয়েছি। বিষয়টি ব্যবস্থা নেওয়ার জন্য প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেছেন তিনি।

মুক্তিযোদ্ধা আবু তালেবের ছেলে মেহেদি হাসান জানান,২০ শতক জমি সকলেই সমান করে নিতে হবে। কিন্তু রবিউল ইসলাম ক্ষমতার দাপট দেখিয়ে তার ইচ্ছেমত জমি দখল নিয়ে সিমানা প্রাচীর দিচ্ছে।

এ বিষয়ে রবিউল ইসলামের বাড়িতে গেলে তাকে পাওয়া যায়নি।
গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: ওবাইদুর রহমান জানান,বিষয়টি ব্যবস্থা নেয়া হচ্ছে।

গাংনীতে ১শ’ বোতল ফেন্সিডিল সহ আটক-৩

মেহেরপুরের গাংনীতে ১শ’ বোতল ফেন্সিডিল সহ ৩জনকে আটক করেছে পুলিশ।

শুক্রবার সকালে উপজেলার তেঁতুলবাড়িয়া ইউনিয়নের কল্যানপুর কালিতলাপাড়া এলাকা থেকে তাদের গ্রেফতার করে জেলা গোয়েন্দা পুলিশের এস আই অজয় কুমার কুন্ডু।

গ্রেফতারকৃতরা হলেন,ছাতিয়ান বাজার পাড়ার বাবুল হোসেনের ছেলে ইমরান আলী (২৫),একই এলাকার শফিরুল ইসলামের ছেলে হাসাদুল ইসলাম(২৭) ও বাওট গ্রামের কাবরান আলীর ছেলে হাসিবুর রহমান(৩০)।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের এস আই অজয় কুমার কুন্ডু জানান, কল্যানপুর কালিতলাপাড়া এলাকা দিয়ে দুটি মটরসাইকেল যোগে ফেন্সিডিল পাচার করছে এমন সংবাদের ভিত্তিতে পুলিশ সুপার এস এম মুরাদ আলীর নির্দেশে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়। এসময় ইমরান ও হাসাদুলের কাছ থেকে ৭০ বোতল এবং হাসিবুরের কাছ থেকে ৩০ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়। এসময় দুটি মটরসাইকেল জব্দ করা হয়।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী জানান,গ্রেফতারকৃতদের বিরুদ্ধে গাংনী থানায় মাদক দ্রব্য আইনে একটি মামলা দায়ের করা হয়েছে।

মেহেরপুরে আরো ৪ জন করোনা আক্রান্ত

মেহেরপুর নতুন করে আরও ৪ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদর উপজেলার ১জন এবং ৩ জন মুজিবনগর উপজেলার বাসিন্দা।

শুক্রবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ১৭ জনের নমুনা পরীক্ষায় রিপোর্টের মধ্যে নেগেটিভ আসে ১৩ জনের। আর পজেটিভ আসে ৪ জনের। তিনি আরো জানান, এ পর্যন্ত সর্বমোট ফলাফল এসেছে ৪২৫১ টি, সর্বমোট পজিটিভ ৬২৯ জন, মৃত্যু ১৬, ট্রান্সফার্ড ৪৯ জন। বর্তমানে আক্রান্ত রয়েছেন ২৫ জন । এদের মধ্যে সদরে ৭ জন, মুজিবনগরে ১৪ জন এবং গাংনীতে ৪ জন।

ভিন্ন সূত্রে পাওয়া আক্রান্তরা হলেন- মেহেরপুর জেনারেল হাসপাতালের পান্না সরকার (৩৮), মুজিবনগরের হারুন অর রশিদ (২৪), ইয়ামিন হোসেন (৬০) এবং কমরপুর গ্রামের খালেক উদ্দিন (৩৮)।

গাংনীর গাড়াবাড়ীয়াতে গলায় ফাঁস দিয়ে গৃহবধুর আত্নহত্যা !

মেহেরপুরের গাংনী উপজেলার গাড়াবাড়ীয়াতে গলায় ফাঁস দিয়ে কল্পনা খাতুন নামের এক গৃবধধু আত্মহত্যা করেছেন।

আজ শুক্রবার সকাল সাড়ে ১০টার দিকে তার স্বামীর বাড়িতে এ ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা যায়, কল্পনা আজ সকালে তার স্বামী আলেফের সাথে মুরগির মাংস পরিস্কারের কাজ করেন। পরে আলেফ মাঠে যান। এর মাছঝ সে ঘরে প্রবেশ করে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেন। কিছুক্ষণ পরে তার দাদি শাশুড়ি বাড়িতে তার অসুস্থ শাশুড়ি কে দেখতে যান। গিয়ে দেখেন ঘরের ভিতরে উচ্চ শব্দে গান বাজছে। অনেক ডাকাডাকির পর শুনতে না পেয়ে ঘরে গিয়ে দেখেন ঘরে গলায় উড়না পেচিয়ে ঝুলে আছেন। তার চিৎকারে প্রতিবেশিরা ছুটে গিয়ে তাকে উদ্ধার করেন। পরে গ্রাম্য চিকিৎসককে খবর দিলে তিনি মারা গেছেন বলে নিশ্চিত করেন।

এ বিষয়ে মেয়ের বাবা কাওছার আলী জানান, মাঝে মাঝে পারিবারিক সমস্যা কে কেন্দ্র করে ঝগড়া হতো। আমার মেয়েকে দ্বিতীয় বিয়ে করেন এই নিয়ে হয়তো ঝগড়া হতো। তবে অল্প দিনে ঝগড়ার ঘটনা ঘটেনি।

এ বিষয়ে স্থানীয়দের মধ্যে শাহীন আলী জানান, আলেপ খুবই ভালো মানুষ । সে এমন কাজ করার মত ছেলে না। আবার ঝগড়া হতেও দেখা যায় নি।

মৃত কল্পনার স্বামী আলেফ জানান, আজ সকালেও তার সাথে ভালো মত কথা হয়েছিল। তারপর আমাকে মাঠে গরুর ঘাস কাটতে যেতে বললে আমি মাঠে চলে যায়। আমার মা কে নিয়ে বাবা হাসপাতালে চিকিৎসা করতে নিয়ে যান।

বাড়ি ফাঁকা ছিল কেউ ছিলো না। কিভাবে যে কি হলো কিছুই বুঝতে পারছি না।

এ বিষয়ে গাংনী থানার ইনচার্জ ওবায়দুর রহমান জানান, প্রথমত মেয়ের বাবা মা এবং মেয়ের চাচা জানান তাদের মেয়ের মৃত্যেুতে তাদের সন্দেহ হচ্ছে তার মেয়ে গলায় দড়ি দিতে পারেন না। তাকে হত্যা করা হয়েছে। কিন্তু পরবর্তিতে ময়নাতদন্তের কথা বললে অভিযোগ থেকে সরে আসেন। তারপরও যেহেতু আত্মহত্যা আমরা ময়নাতদন্তের লাশ মর্গে পাঠিয়েছি। রিপোর্ট পেলে বিষয়টি পরিস্কার হবে।

মেহেরপুরে বিশ্ব ডিম দিবস পালিত

মেহেরপুরে বিশ্ব ডিম দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে সকালে একটি বর্নাঢ্য শোভাযাত্রা বের করা। শোভাযাত্রাটি মেহেরপুর প্রাণী সম্পদ অধিদপ্তর থেকে জেলা প্রশাসকের কার্যালয়ে গিয়ে শেষ হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ড.মুনসুর আলম খান। অন্যদের মধ্যে বক্তব্য দেন, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডঃ জাহাঙ্গীর আলম, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা তৌহিদুল ইসলাম।

এসময় উপস্থিত ছিলেন, বড় বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম খোকন, জেলা পোল্টি অ্যাসোসিয়েশনের সভাপতি আবু বক্কর, সাধারণ সম্পাদক আবুল বাশার মিন্টু, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাক্তার শারমিন রত্না,

উপসহকারী প্রাণী সম্প্রসারণ কর্মকর্তা সফিউদ্দিন সহ জেলার সকল পোল্ট্রি অ্যাসোসিয়েশনের সদস্যরা। বিকালে বিশ্ব ডিম দিবস উপলক্ষে মেহেরপুর সরকারি শিশু পরিবারের শিশুদের মাঝে ডিম খাওয়ানো হয়।